

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩৩.১৯.১৪৪

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬

০৫ আগস্ট ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৬৫৫৬/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে
টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০১.০৭.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ড. মো: শাহ জাহান (অবসরপ্রাপ্ত), পিতা: মো: আব্দুল মঈন, মাতা: মোছা: জামিলা খাতুন, অবসরপ্রাপ্ত অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা-১২০৮ (মূলত: সহযোগী অধ্যাপক, কারিগরি শিক্ষক প্রশিক্ষণ কলেজ, তেজগাঁও, ঢাকা-১২০৮) বাসা নং-৩৭২-এ, দিলু রোড (২য় তলা), মগবাজার, রমনা, ঢাকা-১২১৭ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৫৫৬/২০১৯ মামলা দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ১৪.০৬.২০১৬ খ্রি: তারিখের অফিস আদেশের মাধ্যমে (রুল নিশিতে অফিস আদেশের শাখা এবং স্মারক নং উল্লেখ নেই) ০৬ নং রেসপনডেন্ট জনাব মো: রমজান আলী, সহযোগী অধ্যাপক, কারিগরি শিক্ষক প্রশিক্ষণ কলেজ, তেজগাঁও, ঢাকা-১২০৮-কে আবেদনকারীর (ড. মো: শাহ জাহান) স্থায়ী পদে পদোন্নতি দিয়ে পদায়ন করা হয়। এর পরিপ্রেক্ষিতে সংক্ষুব্ধ হয়ে মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট; সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় মহোদয়কে ২ নং রেসপনডেন্ট এবং মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৬ (ছয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতে *Affidavit in opposition* দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।

০৫. এমতাবস্থায়, উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৬৫৫৬/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে প্রমাণকসহ তথ্য আগামী ২৯.০৮.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৫-৮-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

এ্যাডভোকেট এস.কে শফিক মাহমুদ পুস্প, বিজ্ঞ আইনজীবী,
বাংলাদেশ সুপ্রীম কোর্ট

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩৩.১৯.১৪৪/১(৭)

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিসটেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



৫-৮-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)